# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২২৯

১১. বিবাহ অধ্যায় (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১৩. কুমারী ও অকুমারী (বিধবা বা তালাকপ্রাপ্তা) মেয়েদের থেকে সম্মতি গ্রহণ

بَاب اسْتِئْمَارِ الْبِكْرِ وَالثَّيِّبِ

## আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْمَجِيدِ حَدَّثَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مَوْهَبٍ أَخْبَرَنَا نَافِعُ بْنُ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْأَيِّمُ أَمْلَكُ بِأَمْرِهَا مِنْ وَلِيِّهَا وَالْبِكْرُ تُسْتَأْمَرُ فِي نَفْسِهَا وَصَمْتُهَا إِقْرَارُهَا

## বাংলা

২২২৯. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “বিধবা নারী তার নিজের (বিয়ের) বিষয়ে তার ওলীর চেয়ে অধিক ক্ষমতাবান। আর কুমারী মেয়ে থেকেও তার (বিয়ের) ব্যাপারে অনুমতি গ্রহণ করতে হবে। আর তার চুপ থাকাই তার স্বীকারোক্তি।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান উবাইদুল্লাহ ইবনু আব্দুর রহমান ইবনু মুহাব এর কারণে। তবে হাদীসটি সহীহ। এটি আগের হাদীসটির পুনরাবৃত্তি।

তাখরীজ: আহমাদ ১/২৭৪; তাহাবী, শারহু মা’আনিল আছার ৩/১১, ৪/৩৬৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82512

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন